

From
E. Islam, Director



BITM

बिड़ला औद्योगिक एवं
प्रौद्योगिक संग्रहालय
संस्कृति मंत्रालय
भारत सरकार



To
অধ্যক্ষ/প্রধান শিক্ষক /শিক্ষিকা

BIRLA INDUSTRIAL & TECHNOLOGICAL MUSEUM
(A unit of National Council of Science Museums)
Ministry of Culture, Govt. of India

বিষয়: স্কুলের ছাত্র-ছাত্রীদের বিড়লা মিউজিয়াম ভ্রমণ

মহাশয় / মহাশয়া,

কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিড়লা শিল্প ও কারিগরি সংগ্রহশালা বিগত ৫৫ বছর ধরে স্কুলের পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত বিজ্ঞানের নানা বিষয়গুলিকে ছাত্রছাত্রীদের কাছে, বিভিন্ন ত্রিমাত্রিক মডেলের সাহায্যে, নিজ হাতে পরীক্ষা নিরীক্ষা করে দেখার সুযোগ দিয়ে আসছে, যাতে সেগুলি তাদের কাছে আরও সহজবোধ্য ও প্রাঞ্জল হয়ে ওঠে।

এখানে আছে চিত্তাকর্ষক পদার্থ বিজ্ঞান, জনপ্রিয় বিজ্ঞান, গণিত, জীবন বিজ্ঞান, ধাতু, বিদ্যুৎ, চালিকাশক্তি, পরিবহন, কৃত্রিম কয়লা খনি, টেলিভিশন, অন্ধকারে বিশ্ব পরিচয়, বায়ো-টেকনোলজি এবং শিশুদের গ্যালারী।

আছে 'মজাদার রসায়ন', 'অতিশীতল বস্তু', 'বিজ্ঞান;জাদু ও অলৌকিকতা' এবং 'মজাদার বিজ্ঞান' শীর্ষক সায়েন্স শো। দলবদ্ধ ছাত্রছাত্রীদের জন্য, বিদ্যালয়ে পড়ান হয় এমন কিছু বিষয়; যেমন : অল্প - ক্ষার - লবণ, শব্দ, চুম্বকের ধর্ম, আলোক বিদ্যা, বায়ুর অথবা তরলের ধর্ম ইত্যাদির বিশেষ 'সায়েন্স ডেমন্সট্রেশন লেকচার' আয়োজন করা হয়ে থাকে। এছাড়াও আছে মহাকাশকে জানতে 'তারামণ্ডল' শো ও অত্যাধুনিক 3Dশো।

স্কুলের ছাত্রছাত্রীদের বিড়লা মিউজিয়ামে আসার সুযোগ করে দেওয়া ও তাদের বিজ্ঞান শিক্ষায় উৎসাহিত করার জন্য একটি বিশেষ প্যাকেজ টিকিট চালু করা হয়েছে। বিশদ বিবরণ চিঠির সাথে যুক্ত করা হল।

আশা করি, আপনি আপনার স্কুলের ছাত্রছাত্রীদের এখানে এসে নিজ হাতে পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে বিজ্ঞানের প্রতি আকৃষ্ট হবার সুযোগ করে দেবেন।

নমস্কারে ইতি.

এমদাদুল ইসলাম

দোলযাত্রা ও কালীপূজা বাদে বি.আই.টি.এম. প্রতিদিন সকাল দশটা থেকে সাড়ে পাঁচটা অবধি খোলা।

বিঃ দ্রঃ - বি.আই.টি.এম - এর ক্যান্টিনে বিভিন্ন ধরনের খাবার পাওয়া যায়



19 এ, গুরুসদায় রোড
কোলকাতা - 700 019

19A, GURUSADAY ROAD, KOLKATA-700 019
PHONE : (033) 22877241, 22877242, 22877243
e-mail : director@bitm.gov.in, website : www.bitm.gov.in